দৈনিক ইনকিলাব

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ...11 NOV 1988...
পৃষ্ঠা ... 5 ... কলাম ... 7 ...

20

002

## চট্টগ্রামে কৃষি কলেজ

বাংলাদেশ একটি কৃষি প্রধান দেশ। এদেশের শতকরা ৮০ জন লোকের পেশা কৃষি। কিন্তু দুঃখজনক হলেও সত্যি যে, কৃষি প্রধান এই দেশে কৃষি সম্পর্কে জানবার এবং কৃষি বিষয়ে পড়বার তেমন কোন সুযোগ-সুবিধা নেই। কারণ, দেশে মাত্র দু'টি কৃষি কলেজ এবং একটি কৃষি বিশ্ববিদ্যালয় আছে। প্রয়োজনের তুলনায় তা অত্যন্ত নগণ্য। উপরোক্ত দু'টি কৃষি কলেজ ও একটি কৃষি বিদ্যালয় চট্টগ্রাম বিভাগে অবস্থিত নয়। চট্টগ্রামে একটি কৃষি কলেজ স্থাপন করা হলে সমগ্র চট্টগ্রাম বিভাগের ছাত্র-ছাত্রীদের কৃষি বিষয়ে শিক্ষা লাভের সুযোগ হবে। তাই চট্টগ্রামে একটি কৃষি কলেজ স্থাপন করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

—আবু তারিক চৌধুরী ভুট্টো,
খ/২, তাহের কলোনী,
চকবাজার, চট্টগ্রাম।